

This question paper contains 3 printed pages]

Roll No.

--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--

S. No. of Question Paper : 5002

Unique Paper Code : 208282

C

Name of the Paper : Bengali : CH 2.5

Name of the Course : B.Com. (Hons.)

Semester : II

Duration : 3 Hours

Maximum Marks : 75

(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)

1. a) যে কোন একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর। 20

দিল্লির বাণিজ্যমেলা, তোমার স্কুল জীবনের স্মৃতি, ইন্টারনেট, রবীন্দ্রনাথ ঠাকুর

b) নিম্ন লিখিত শব্দগুলির মধ্যে যে কোন পাঁচটির বাংলা প্রতিশব্দ লেখ।

(2 x 5=10)

Essay, Poem, Debit, Credit, Account,

Profit, Market, Technical

c) নিচের অংশটি অবলম্বনে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও-

15

ঠিক কখন থেকে রতনের মনটা খুশিতে ভরে আছে সেটা রতন জানে। দশদিন আগে ছিল চৈত সংক্রান্তি। রতন থেকে শিমুলিতে। সেখান থেকে চার ক্রোশ দূরে উর্জলপুরে সংক্রান্তির খুব বড় মেলা হয়। রতন গিয়েছিল সেই মেলা দেখতে। শুধু দেখতে নয়,

P.T.O.

মেলা থেকে বাঁশের বাঁশি কেনার শখও ছিল তার, সেটাও একটা উদ্দেশ্যে বটে। রতনের গানের কান খুব ভালো; যে কোন গান দুবার শুনলে নিজের গলায় তুলে নিতে পারে। সে বাঁশিও বাজায়, কিন্তু ভালো বাঁশি তার নেই। জমজমাট মেলার এক জায়গায় নানারকম বাজনা বিক্রি হচ্ছিল, তার মধ্যে বাঁশিও ছিল অনেক, রতন তারই কয়েকটি হাতে তুলে ফুঁ দিয়ে দেখছিল, এমন সময় চারদিকে একটা সোরগোল পড়ে গেল। উজলপুরের রাজকন্যা লক্ষ্মী এসেছেন ডুলিতে করে মেলা দেখতে। এমনিতে রাজকন্যারা রাজবাড়ির অন্তঃপুরেই বন্দী থাকে, আকে বাইরের লোকে দেখতে পায় না। কিন্তু লক্ষ্মী তেমন মেয়ে নয়। সে অনেক আগে থেকেই বাপ-মাকে শাসিয়ে রেখেছে-‘সংক্রান্তির মেলা আসছে, আমি কিন্তু তাতে যাব। ওসব পর্দাটর্দা মানতে পারব না। লোকে আমাকে দেখলে ক্ষতি কী ? তারাও মানুষ, আমিও মানুষ; আর তারা ত আমায় খেয়ে ফেলবে না। আমি ডুলিতে করে যাব। আমার কেষ্টনগরের মাটির পুতুলের খুব শখ; সেই পুতুল আমি নিজে দেখে কিনতে চাই। তোমরা না করতে পারবে না।’ লক্ষ্মী বাপ-মায়ের একমাত্র সন্তান, তাই তার আবদার না রেখে উপায় নেই।

- i) রতন কোথায় থাকে ? (1)
- ii) উজলপুর কোথায় ? সেখানে কী হয় ? (1+1)
- iii) লক্ষ্মী কে ? (1)
- iv) মেলায় চারদিকে কেন সোরগোল পড়ে গিয়েছিল? (1)

- v) রতন সম্পর্কে তুমি কী জান ? (3)
- vi) লক্ষ্মী তার বাবা-মা কে কী বলেছিল ? (4)
- vii) উপরোক্ত অংশটি অবলম্বনে একটি শিরোনাম রচনা কর। (3)

2. যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও।

15 x 2 = 30

- i) 'বঙ্গ দেশের কৃষক' প্রবন্ধে জমিদার শ্রেণীর অত্যাচারের যে পরিচয় পাওয়া যায়, তার বর্ণনা দাও।
- ii) 'বঙ্গ দেশের কৃষক' প্রবন্ধে রামা কৈবর্ত্য ও হাসিম শেখকে কেন্দ্র করে বঙ্কিমচন্দ্র বাংলায় তৎকালীন কৃষিজীবী মানুষের যে পরিচয় দিয়েছেন, তা উল্লেখ কর।
- iii) 'বঙ্গ দেশের কৃষক' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের সমাজ চেতনার যে পরিচয় পাওয়া যায়, তা আলোচনা কর।
- iv) 'বঙ্গ দেশের কৃষক' প্রবন্ধ গ্রন্থ অবলম্বনে কৃষকদের দুরবস্থার কারণ বর্ণনা কর।